

**প্রাথমিক শিক্ষক
সমিতির টাইম স্কেল
বাস্তবায়ন দাবি**

■ সমকাল প্রতিবেদক

সদ্য জাতীয়করণ হওয়া সরকারি প্রাথমিক শিক্ষকদের টাইম স্কেল জটিলতা কাটিয়ে বাস্তবায়নের দাবি জানিয়েছে প্রাথমিক শিক্ষক সমিতি। গতকাল মঙ্গলবার ঢাকা টি. প্রাচীর ইউনিটিতে আয়োজিত প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষকদের বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা সভায় এ দাবি জানান সংগঠনের নেতৃবৃন্দ। আগামী সপ্তাহের আগে সমস্যার সমাধান না হলে কঠোর কর্মসূচি দেওয়ারও ঘোষণা দেন তারা।

সংগঠনের সভাপতি আমিনুল ইসলাম চৌধুরীর সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব মহিউদ্দিন খন্দকার, ভারপ্রাপ্ত মহাসচিব রাধা রানী ভৌমিক, আবুল কালাম আজাদ, আলী আকাস, মোশাররফ হোসেন, রাজিল লোচন সরকার, আজমল হোসেন, এত্তাজ আলী প্রমুখ।

বক্তারা বলেন, সরকারের আন্তরিকতা সত্ত্বেও আমলাতান্ত্রিক জটিলতার কারণে বিদ্যালয় জাতীয়করণের আড়াই বছর পার হলেও প্রধান শিক্ষকদের টাইম স্কেল নিয়ে জটিলতা কাটেনি।